

শ্রী. ন. ম. র. ম.
সং.
০২/০৩/২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
তদন্ত ও শৃঙ্খলা শাখা
মিরপুর-২, ঢাকা- ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.৩০০.২৭.৭২৭.২০২৫-৭০

তারিখঃ ২৭ ফাল্গুন ১৪৩২
২২ মার্চ ২০২৬

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোছাঃ নাহিদা খাতুন, সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চারঘাট, রাজশাহী (সাবেক ডেমরা, ঢাকা) শিক্ষকদের সাথে খারাপ আচরণ এবং বিদ্যালয়ের গুরুত্বপূর্ণ রেজিস্টার্ড নিজের আয়ত্রে রাখেন পরবর্তীতে ফেরত দিতে অস্বীকার করার অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়। তার এহেন কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল)-বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ বিধায় উক্ত অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু পূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী তার কর্মস্থল ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন, বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, দাখিলকৃত লিখিত জবাব ও প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনায় তার বিরুদ্ধে “অসদাচরণ” এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে। তিনি সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ করেছেন;

যেহেতু, তার এরূপ কার্যক্রম সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ বিধায় উক্ত অভিযোগে তাকে দোষী সাব্যস্ত করে অভিযোগের গুরুত্ব বিবেচনায় তাকে লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, অভিযুক্ত জনাব মোছাঃ নাহিদা খাতুন, সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চারঘাট, রাজশাহী (সাবেক ডেমরা, ঢাকা) - কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে দোষী সাব্যস্ত করে অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনা করে তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৪ (২) (ক) উপবিধি অনুযায়ী “তিরস্কার” সূচক লঘুদণ্ড প্রদান করা হলো;

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

আবু নূর মোঃ শামসুজ্জামান
মহাপরিচালক
টেলিফোন: ০২৫৫০৭৪৭৭৭
ই-মেইল: dgprimarybd@gmail.com

স্মারক নং- ৩৮.০১.০০০০.৩০০.২৭.৭২৭.২০২৫-৭০ (৩০)

তারিখঃ ২৭ ফাল্গুন ১৪৩২
২২ মার্চ ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলোঃ

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা
৩. উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৪. উপপরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা
৫. উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/রাজশাহী বিভাগ, রাজশাহী
৬. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ঢাকা/রাজশাহী
৭. জনাব শেখ সাইদুর রহমান, অপারেশন ম্যানেজার (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (প্রজ্ঞাপনটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
৮. উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসার, চারঘাট, রাজশাহী/ডেমরা, ঢাকা
৯. জনাব মোছাঃ নাহিদা খাতুন, সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চারঘাট, রাজশাহী (সাবেক ডেমরা, ঢাকা)
১০. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
১১. সংরক্ষণ নথি।

আবু নূর মোঃ শামসুজ্জামান
(মোঃ আব্দুস সালাম)
উপপরিচালক(চলতি দায়িত্ব)
ই-মেইল inquirycelldpe@gmail.com